

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(www.lawjusticediv.gov.bd)

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০৫.২২-৪২০

তারিখ : ০৯ আশ্বিন ১৪৩০  
২৫ অক্টোবর ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু ভোলা জেলার তজুমদ্দিন সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার জনাব নুরুল ইসলাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নম্বর : ০৬/২০২০ রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;


যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর;

যেহেতু আনীত অভিযোগসমূহ পূর্ণাঙ্গ তদন্তের স্বার্থে তাকে বিভাগীয় মামলা চলাকালীন কর্মে বহাল রাখা সমীচীন হবে না;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ১২(১) অনুযায়ী ভোলা জেলার তজুমদ্দিন সাব-রেজিস্ট্রি অফিসের সাব-রেজিস্ট্রার জনাব নুরুল ইসলাম-কে সাময়িক বরখাস্ত করা হলো। তিনি সাময়িক বরখাস্তকালীন নিবন্ধন অধিদপ্তর-এ সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
২৫/১০/২০২০  
(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০৫.২২-৪২০/১(১১)

তারিখ : ০৯ আশ্বিন ১৪৩০  
২৫ অক্টোবর ২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
০২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪. উপপরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা ( উল্লিখিত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. জেলা রেজিস্ট্রার, ভোলা।
০৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৮. জনাব নুরুল ইসলাম, সাব-রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত), তজুমদ্দিন, ভোলা।
০৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তজুমদ্দিন, ভোলা।
১০. অফিস কপি/গার্ড ফাইল।

  
২৫/১০/২০২০  
(মোঃ মাসুদ-উর-রহমান)  
সিনিয়র সহকারী সচিব